গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
(উন্নয়ন শাখা)
www.dhakadiv.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪১.৩০০০.০১১.১৪.০৪৭.২১-৪৮

তারিখ : ০৩ কার্তিক ১৪২৯ / ১৯ অক্টোবর ২০২২

বিষয় : ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম কিস্তিতে প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ অর্থ উপবরাদ্দ প্রদান।

সূত্র : ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২ এর স্মারক নম্বর- ৫১.০১.০০০০.০১২.১৪.০০৫.২২.২১৭ তারিখ : ০১ আগস্ট ২০২২ খ্রি:
২। এ কার্যালয় এর স্মারক নম্বর- ০৫.৪১.৩০০০.০১১.১৪.০৪৭.২১-৪৫ তারিখ : ১৬ আগস্ট ২০২২ খ্রি:
৩। জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ এর স্মারক নম্বর- ৫১.০১.৫৬০০.০০০.৪২.০০৮.২২.৩৩৫ তারিখ : ১৮ অক্টোবর ২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ ২ নং স্মারকমূলে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে চলতি ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম কিস্তিতে প্রদানকৃত বরাদ্দ হতে শর্ত সাপেক্ষে ১৭৬(একশত ছিয়াত্তর) টি প্রকল্পের অনুকূলে ১,৪৭,২৬,৫৬২/৫০ (এক কোটি সাতচল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত বাষট্টি টাকা পঞ্চাশ পঁয়সা) উপবরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পসমূহের মধ্যে ১৬৯ নং ক্রমিকে উল্লিখিত প্রকল্পের নাম নিম্নবর্ণিতভাবে পরিবর্তন করা হলো :

| সূত্রোক্ত ২নং স্মারকে প্রেরিত পত্রে উল্লিখিত ক্রমিক নং | জেলার নাম | পূর্বে প্রকল্পের নাম ছিল | বর্তমানে প্রকল্পের নাম হবে | বরাদ্দের পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|---|
| ১৬৯ | মানিকগঞ্জ | বালিয়াটি জামে মসজিদ এর উন্নয়ন বাবদ অর্থ বরাদ্দ<br>ঠিকানা : বালিয়াটি, সাটুরিয়া, মানিকগঞ্জ | মানিকগঞ্জ কালেক্টরেট পাবলিক স্কুল এর উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ<br>ঠিকানা : মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ | ৫০,০০০/-<br>পঞ্চাশ হাজার টাকা |

০২। বর্ণিতাবস্থায়, অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

**শর্তসমূহ :**

১) এই ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে।
২) ১ম কিস্তির প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সময়সীমা আগামী ৩০/১১/২০২২ খ্রি:।
৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, টিআর নির্দেশিকা- ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী (সোলার অংশ ব্যতিরেকে) যথাযথ অনুসরণ করতে হবে।
৪) চলতি ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ হতে সোলার খাতে কোন প্রকল্প/স্কীম গ্রহণ করা যাবে না।
৫) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৬) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা, প্রি ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়, প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইন বোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।
৭) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**চলমান পাতা-০২**

৮) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

৯) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/ কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

১০) এ বরাদ্দের অর্থ দিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/ জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে এবং এক্ষেত্রে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

১১) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে গঠনসহ আনুষংগিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু করা এবং অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

১২) কোন প্রকল্প ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।

১৩) প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলকভাবে স্থাপন করতে হবে।

১৪) বাস্তবায়িত প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ এবং নিরীক্ষার জন্য হিসাব সংরক্ষণ করতে হবে।

১৫) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে উপবরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে।

১৬) উল্লিখিত প্রকল্পসমূহের ৫০% প্রকল্প উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক সরজমিনে পরিদর্শনপূর্বক পরিদর্শন রিপোর্ট উপবরাদ্দ প্রদানের ৩০ কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৭) উল্লিখিত পত্রটি এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড প্রদান করা হলে। অ্যাম্বুজকৃত পত্র প্রেরণের কোন প্রয়োজন নেই।

২৭|১০|2022

মোঃ খলিলুর রহমান
বিভাগীয় কমিশনার
ঢাকা বিভাগ
ফোনঃ ৪৮৩১৫০৮৫
ফ্যাক্সঃ ৪৯৩৪৯৯৯৯
E-mail : divcomdhaka@mopa.gov.bd

জেলা প্রশাসক
মানিকগঞ্জ

স্মারক নম্বর- ০৫.৪১.৩০০০.০১১.১৪.০৪৭.২১-৪৮(৫)

তারিখ : ০৩ কার্তিক ১৪২৯ / ১৯ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)
৪। জনাব -------------------------------------------।

১৯|১০|২০২২

আল মামুন
সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা